



ক্ষতিগ্রস্ত পারমাণবিক স্থাপনায় আইএইএর প্রবেশে আপত্তি ইরানের



ইরানের পারমাণবিক স্থাপনা। ছবি: সংগৃহীত

সুইজারল্যান্ডে মধ্যপ্রাচ্য যুদ্ধ অবসানের লক্ষ্যে প্রথম দফার আলোচনা শেষ হওয়ার পর ইরান জানিয়েছে, গত বছর মার্কিন ও ইসরাইলি বিমান হামলায় ক্ষতিগ্রস্ত তাদের প্রধান পরমাণু স্থাপনাগুলোতে জাতিসংঘের পরমাণু পর্যবেক্ষণ সংস্থা আইএইএকে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

তেহরানের এ অবস্থান এমন এক সময় এলো, যখন মধ্যপ্রাচ্যজুড়ে চলমান সংঘাত ও উত্তেজনা প্রশমনে আন্তর্জাতিক কূটনৈতিক তৎপরতা জোরদার হচ্ছে।

এর আগে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে একটি প্রাথমিক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় বলে জানা যায়। ওই সমঝোতার আওতায় ইরানের পারমাণবিক কর্মসূচি এবং নিষেধাজ্ঞা প্রত্যাহারের মতো গুরুত্বপূর্ণ ইস্যুতে স্থায়ী সমাধানের জন্য দুই পক্ষকে ৬০ দিনের সময়সীমা নির্ধারণ করা হয়েছে।

কূটনৈতিক সূত্রগুলো বলছে, সম্ভাব্য চূড়ান্ত চুক্তিকে কেন্দ্র করে আঞ্চলিক ও বৈশ্বিক পর্যায়ে আলোচনা এখন তীব্র গতিতে এগোচ্ছে।

এর অংশ হিসেবে ইরানের শীর্ষ নেতৃত্বের একজন মধ্যস্থতাকারী দেশ পাকিস্তান সফরে যেতে পারেন বলে জানা গেছে। একই সময়ে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কে রুবিও উপসাগরীয় অঞ্চলের মিত্র দেশগুলো সফরের প্রস্তুতি নিচ্ছেন।

এদিকে ওয়াশিংটনে লেবানন ও ইসরাইলের মধ্যে সরাসরি আলোচনার আয়োজন নিয়েও কূটনৈতিক মহলে আলোচনা চলছে।